



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০, ফোন: ৪১০৫০১০১  
Web: [www.ictedu.gov.bd](http://www.ictedu.gov.bd), E-mail: [pd-ict@dshe.gov.bd](mailto:pd-ict@dshe.gov.bd)



স্মারক নং: মাউশি/আইসিটিপি-II/১৫/২০১৮/২১১

তারিখ: ১৬/০৪/২০১৮ খ্রি.

বিষয়: আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য আইসিটি মাস্টার-ট্রেনার পুল গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় দেশব্যাপী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম ও স্মার্ট ক্লাসরুম স্থাপন করা হবে। এ লক্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণকে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা এবং তথ্য প্রযুক্তি বিষয়ক প্রাসঙ্গিক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত ৩৬০ জন শিক্ষক/কর্মকর্তাকে ০৬ দিনব্যাপী (ToT) প্রশিক্ষণ প্রদান করে একটি প্রশিক্ষক পুল গঠন করা হবে। উক্ত প্রশিক্ষক পুলের সদস্য মনোনয়নের জন্য আইসিটিতে দক্ষতাসম্পন্ন সরকারি/বেসরকারি কলেজ, স্কুল, মাদ্রাসা, টিটিসি, এইচএসটিটিআই, বিএমটিটিআই ও নায়েম এর আগ্রহী শিক্ষক/কর্মকর্তাগণকে আগামী ২৫/০৪/২০১৮ খ্রি: তারিখের মধ্যে নিজস্ব Gmail ID তে Login করে <https://goo.gl/udCYtt> লিংক-এ প্রাপ্ত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

২। আগ্রহী প্রার্থীগণকে মুক্তপাঠ অনলাইনে বিটিটি কোর্স সম্পন্ন করে সার্টিফিকেট সংগ্রহপূর্বক আবেদন করতে হবে। মনোনীত শিক্ষক/কর্মকর্তাগণকে প্রশিক্ষণে আসার সময় ল্যাপটপ, স্মার্টফোন এবং ইন্টারনেট মডেম নিয়ে আসতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/কর্মকর্তাগণকে প্রকল্পের সংস্থান মোতাবেক দেশের বিভিন্ন অঞ্চলে আইসিটি ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করতে হবে।

(প্রফেসর মোহাম্মদ জমীম উদ্দিন)

প্রকল্প পরিচালক

ফোন # ০২-৪১০৫০১০১

বিতরণ:

- ১। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (NAEM), ঢাকা।
- ২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৩। পরিচালক প্রশিক্ষণ, মাউশি (পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অধ্যক্ষ, সরকারি কলেজ/টিটি কলেজ/বিএমটিটিআই (সকল)।
- ৫। পরিচালক, এইচএসটিটিআই (সকল)।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি কলেজ/স্কুল/মাদ্রাসা (সকল)।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। অফিস নথি।